## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার তথ্য অধিদফতর (পিআইডি)



সংবাদকক্ষ ঃ ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

তথ্যবিবরণী নম্বর: ৫৭

## ময়মনসিংহে জাতীয় যুব দিবস ২০২৩- উদ্যাপিত

ময়মনসিংহ (বুধবার, ০১ নভেম্বর ২০২৩ খ্রি.);

"সার্ট যুব, সমৃদ্ধ দেশ, বঙ্গাবন্ধু বাংলাদেশ" এই প্রতিপাদ্য বিষয় সামনে রেখে ময়মনসিংহের বিভাগীয় প্রশাসন ,জেলা প্রশাসন ও যুব উন্নয়ন অধিদপ্তরের আয়োজনে ময়মনসিংহে জাতীয় যুব দিবস ২০২৩ উদ্যাপিত হয়। এ উপলক্ষ্যে জেলা পরিষদ সম্মেলনকক্ষে আলোচনা সভা ,যুব ঋণের চেক ও সনদপত্র বিতরণ অনুষ্ঠিত হয়।

যুবদের সেবা, উদ্যোগ ও উদ্ভাবনী মানসিকতা দেশ ও দেশের অর্থনৈতিক উন্নয়নে অগ্রণী ভূমিকা পালন করছে। মহান মুক্তিযুদ্ধ থেকে শুরু করে ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে দেশের যুব সমাজের অংশীদারিত ছিল অন্যতম। দেশের প্রত্যেক যুবককে কর্মীর হাতিয়ার ও উদ্যোক্তা করে গড়ে তোলার লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর কাজ করেছে।

"আমি চাকরি নিব না চাকরি দিব"প্রধানমন্ত্রীর স্লোগান অনুযায়ী যুব উন্নয়ন অধিদপ্তর বিভিন্ন উদ্যোক্তাভিত্তিক প্রকল্পের কাজ করছে। যার মাধ্যমে দেশের যুব সমাজের বৃহদাংশ আজ উদ্যোক্তা হিসেবে পরিচিত। যারা দেশের মৎস্য, কৃষি, বস্ত্র, হস্তশিল্পসহ বিভিন্ন ক্ষেত্রে অর্থনৈতিক কর্মকান্ডের মধ্য দিয়ে দেশকে সমৃদ্ধ করে তুলছে। বাংলাদেশ যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণ প্রকল্পের মাধ্যমে দেশের নারী সমাজ আজ আত্মনির্ভরশীল হয়ে উঠেছে।

আলোচনা সভার সূচনাপত্রে ময্মনসিংহ জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক হারুন-অর-রশিদ বলেন, দেশের সব গুরুত্বপূর্ণ সময়ে দেশের যুবসমাজ ভূমিকা পালন করে আসছে। ২০২১ সালের ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়ন যুবসমাজের মাধ্যমে হয়েছে। ২০৪১ সালে মার্ট বাংলাদেশ বিনির্মাণে দেশের যুবসমাজকে প্রধান ভূমিকা রাখতে হবে। যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণ প্রকল্পের মাধ্যমে যুব সমাজকে প্রশিক্ষিত করে উদ্যোক্তা হিসেবে গড়ে তোলার জন্য প্রতিটি জেলায় কাজ করে চলছে।

অনুষ্ঠানের প্রধান অতিথি ময়মনসিংহ বিভাগীয় কমিশনার উদ্মে সালমা তানজিয়া বলেন, বর্তমানে দেশের গুরুত্বপূর্ণ অংশ হিসেবে যুব উদ্যোক্তারা কাজ করছেন। যুব উদ্যোক্তাদের সামাজিক মর্যাদার ব্যাপারে গুরুত্ব দিয়ে তিনি বলেন, সমাজে যুব উদ্যোক্তাদের সামাজিক মর্যাদার বিষয়ে আমাদের আরও দায়িত্বশীল হতে হবে। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে আগামী ২০ বছরের চিত্র ধারণ করে তাদের উদ্যোগ গ্রহণের কথা চিন্তা করতে হবে।

সভাপতির বজ্তায় জেলা প্রশাসক মোঃ মোস্তাফিজার রহমান বলেন, স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের অন্যতম নিয়ামক হচ্ছে যুবসমাজ। দেশের ৫ কোটি ২৩ লক্ষ যুবক বদলে গেলে বদলে যাবে দেশ। তাই দেশের যুবকদের মাদক ও সন্ত্রাস থেকে বিরত থেকে দেশের উন্নয়নে নিজেকে সম্পৃক্ত করার জন্য আল্লান জানান। একই সাথে অনুষ্ঠানে সভাপতি যুব উদ্যোক্তাদের মধ্যে যুব ঋণের চেক ও সনদপত্র বিতরণ করেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ময়মনসিংহের অতিরিক্ত রেঞ্জ ডিআইজি সৈয়দ আবু সায়েম, বাংলাদেশ আওয়ামী লীগ ময়মনসিংহ জেলা শাখার সভাপতি মোঃ এহতেশামূল আলম, বাংলাদেশ আওয়ামী লীগ ময়মনসিংহ জেলা শাখা সাধারণ সম্পাদক অ্যাডভোকেট মোয়াজ্জেম হোসেন বাবুল, জেলা পরিষদ চেয়ারম্যান অধ্যাপক ইউসুফ খান পাঠান।

যুব দিবস উপলক্ষে এর আগে সকালে ময়মনসিংহের টাউন হল প্রাঙ্গাণ থেকে জেলা প্রশাসকের কার্যালয় পর্যন্ত যুব সমাবেশ ও যুব র্যালি অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসকের কার্যালয়ের পুকুরে পোনা মাছ অবমুক্ত করা হয়।